**PUBLIC RELATIONS OFFICE**
**University of Dhaka**
**Dhaka-1000, Bangladesh**
**Phone: 55167719**
**Fax: 880-2-9667222**
**E-mail: publicrelations@du.ac.bd**

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

নং-জস/তথ্য/৭৭/২০২২-২৩

০৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি,২০২৩

জনাব খাঁন মোঃ গোলাম মোরশেদ
পিতার নাম- মোঃ আব্দুল খালেক,
বর্তমান: বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন,
বাড়ী নং-১২৮/ক, নিচতলা,রোড নং ০৫,
পিসি কালচার হাউজিং সোসাইটি, শ্যামলি,
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
মোবাইল নং:-০১৯৫৫-৬৮৮০৩৮

বিষয় ঃ- তথ্য অধিকার (তথ্যপ্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ মোতাবেক তথ্য সরবরাহ প্রসঙ্গে

জনাব

তথ্য অধিকার আইন-২০০৯ এর ৮ এর উপধারা-১ এর অধীন (বিধি ৩ অনুসারে) ফরম 'ক' অনুযায়ী তথ্য দেয়ার অনুরোধ করে আপনি গত ২৬/১২/২০২২ তারিখে উপাচার্য ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবর একটি আবেদন করেছিলেন। আপনার তথ্য পাওয়া গিয়েছে। তথ্যের জবাব নিম্নরুপ:

প্রশ্ন: **A** (১) রাজধানী নার্সিং কলেজ,আলেকান্দা, বরিশাল (২) ডি ডব্লিউ এফ নার্সিং কলেজ, সিএন্ডবি রোড, বরিশাল (৩) জহির মেহেরুন নার্সিং কলেজ, রাজিয়া ম্যানশন, কলেজ রোড, পটুয়াখালি (৪) মাদারীপুর ডি ডব্লিও এফ নার্সিং কলেজ, মাদারীপুর (৫) আনোয়ারা বেগম নার্সিং কলেজ, সিএন্ডবি রোড, বরিশাল (৬) ন্যাশানাল নার্সিং কলেজ, টঙ্গী, গাজীপুর (৭) এইচবিএইচ ইন্টারনশ্যনাল নার্সিং কলেজ, উত্তরা, ঢাকা (৮) ইন্টান নার্সিং ইনস্টিটিউট, আমবাগান মোড়, বরিশাল (৯) আই.এ.আই.বি নার্সিং ইনস্টিটিউট, সিএন্ডবি রোড, বরিশাল (১০) ডি ডব্লিও এফ কমিউনিটি প্যারামেডিক ইনস্টিটিউট, সিএন্ডবি রোড, বরিশাল–এ সকল নার্সিং প্রতিষ্ঠানগুলোকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনুমোদন দেওয়া হয়েছে কিনা ?

জবাব:-১,২,৩,৪,৫,৬,৭ নং ক্রমিকের বর্ণিত প্রতিষ্ঠানগুলি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান। ৮,৯,১০ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান নয়।

প্রশ্ন: **B.** উল্লিখিত প্রতিষ্ঠানগুলোতে আলাদা আলাদাভাবে ভর্তিকৃত শিক্ষার্থীর এবং স্থায়ী ও খন্ডকালীন নিয়োগপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা কত জানতে চান এবং এসব প্রতিষ্ঠানগুলোতে ৫% বিনা বেতনে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের একটি তালিকা।

জবাব: সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা যেতে পারে।

প্রশ্ন: **C.** উপরে উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর খন্ডকালীন শিক্ষক এবং স্থায়ী পদের বিপরীতে কর্মরত শিক্ষকদের তালিকা সহ শিক্ষকদের প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধিত বেতন-ভাতার ডকুমেন্ট ।

জবাব: সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা যেতে পারে।

প্রশ্ন: **D.** এই সকল প্রতিষ্ঠানগুলোর নিজ নিজ নামে উল্লিক্ষিত ঠিকানায় স্থায়ী অথবা ভাড়াকৃত ক্যাম্পাস রয়েছে কিনা এবং সরকার কর্তৃক নির্ধারিত নীতিমালার ৩০,০০০ (ত্রিশ হাজার স্কয়ার ফিট) একাডেমিক ভবন সহ ০৭ (সাত) টি ল্যাব এর পর্যাপ্ত সরঞ্জামাদি এবং লাইব্রেরীতে পর্যাপ্ত বই শিক্ষার্থী অনুপাতে রয়েছে কিনা ?

জবাব: সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা যেতে পারে।

P.T.O

প্রশ্ন: **E.** এই সকল প্রতিষ্ঠানগুলোর নিজস্ব হাসপাতাল রয়েছে কিনা ? যদি থাকে হাসপাতালগুলোর পূর্ণাঙ্গ ঠিকানা এবং শয্যা সংখ্যাসহ সরকার কর্তৃক অনুমোদনের ডকুমেন্ট। যদি সরকারি হাসপাতালের সাথে চুক্তিবদ্ধ হয়ে থাকে, সরকারি হাসপাতালের সাথে চুক্তিবদ্ধ হওয়ার ডকুমেন্টসমূহের কপি ।

জবাব: চুক্তি পত্রের কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা যেতে পারে।

প্রশ্ন: **F.** উপরে উল্লিখিত প্রতিষ্ঠানগুলোর মালিক কয়জন এবং মালিকদের সাথে যোগাযোগের পূর্ণাঙ্গ ঠিকানা। এই সকল প্রতিষ্ঠানসমূহ অনুমোদনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক যে সকল শর্ত সাপেক্ষে অনুমোদন দেয়া হয়েছিল সেই শর্তসমূহ বাস্তবায়ন হয়েছে কিনা

জবাব: সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করা যেতে পারে।

প্রশ্ন: **G.** ঢাকা বিশ্ববিদ্যালয় হতে অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানের মালিক কর্তৃক শিক্ষার্থীর সাথে যৌন হেনস্থামূলক অপকর্ম প্রকাশিত হয় অথবা যৌন অপরাধ করেন ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক্ষেত্রে কি কি ব্যবস্থা গ্রহণ করে থাকেন ?

জবাব: বাংলাদেশ সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী গঠিত অভিযোগ কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।

প্রশ্ন: H. প্রতিষ্ঠানগুলো কৌশলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনদ ব্যবসা করছে বলে মনে করেন কিনা ? এছাড়া এই উল্লিখিত প্রতিষ্ঠানের মালিকের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এবং সহকারী কলেজ পরিদর্শক মোঃ আব্দুল কুদ্দুস সাহেবের নিয়ম বহির্ভূত কলেজের অনুমোদন দেওয়া এবং অনুমোদনের মেয়াদ বৃদ্ধি করার সংক্রান্ত বিষয়ে অবৈধ আর্থিক লেনদেন (দুর্নীতি) রয়েছে কিনা ?

জবাব: প্রতিষ্ঠানগুলি কৌশলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনদ ব্যবসা করছে বলে কলেজ পরিদর্শকের দফতর মনে করেনা। নিয়ম বহির্ভূত প্রতিষ্ঠানের অধিভুক্তি প্রদান ও অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিষয়ে কলেজ পরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ও সহকারী কলেজ পরিদর্শক জনাব মোঃ আব্দুল কুদ্দুস অবৈধ আর্থিক লেনদেন ও দুর্নীতির সাথে কোনভাবেই জড়িত নয়। বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটি কর্তৃক সরজমিনে পরিদর্শনের পর কমিটির সুপারিশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রতিষ্ঠানের অধিভুক্তি প্রদান ও অধিভুক্তি নবায়ন করা হয়ে থাকে।

প্রশ্ন: **I.** রাজধানী নার্সিং কলেজ,আলেকান্দা বরিশাল শিক্ষক ও প্রয়োজনীয় জনবল, অবকাঠামো ছাড়াই কোন ধরনের ক্রাইটেরিয়া অনুসরন না করে মাস্টার্স ইন নার্সিং কোর্স পরিচালনা করার অনুমোদন দেওয়া হয়েছে।

জবাব: প্রশ্নটি পরিষ্কার নয়। তবে সকল অনুমোদন বিশ্ববিদ্যালয়ের বিধিবিধান অনুসরন করে দেওয়া হয়।

প্রশ্ন: **J.** এই সকল প্রতিষ্ঠানগুলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক সনদ ব্যবসা করেছে বলে মনে করেন কিনা

জবাব: প্রতিষ্ঠানগুলি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সনদ ব্যবসা করছে বলে কলেজ পরিদর্শকের দফতর মনে করেনা।

ধন্যবাদসহ

১৮-০১-২৩

(মাহমুদ আলম)
পরিচালক
জনসংযোগ দফতর
ও
দায়িত্বপ্রাপ্ত তথ্য কর্মকর্তা
ঢাকা বিশ্ববিদ্যালয়